মুজিব শতবর্ষ

দৈনিক
# কুড়িগ্রাম খবর
The Daily Kurigram Khabor

২৯ দৈনিক কুড়িগ্রাম খবর

রেজি: রাজ:১৪২ বর্ষ ২৯ সংখ্যা ১৭৩ কুড়িগ্রাম বুধবার ২২ ফাল্গুন ১৪৩০ বাংলা: ২৪ সাবান ১৪৪৫ হিজরী Wednesday 6 March 2024:পৃষ্ঠা ৪ মূল্য ৫টাকা

## রমজানে সচিবদের সতর্ক থাকার নির্দেশনা প্রধানমন্ত্রী কার্যালয়ের

নিজস্ব প্রতিবেদক

আসন্ন রমজান ও ঈদ সামনে রেখে দ্রব্যমূল্য, আইন-শৃঙ্খলা পরিস্থিতি, যানজট. বিদ্যুৎ ও গ্যাস সরবরাহসহ সামগ্রিক পরিস্থিতি সম্পর্কে সচিবদের সতর্ক থাকার নির্দেশনা দিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়।

মঙ্গলবার (৫ মার্চ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাকক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া।

প্রধানমন্ত্রীর বরাত দিয়ে মুখ্য সচিব জানান,পবিত্র রমজান মাসে কোনোভাবেই দ্রব্যমূল্য বৃদ্ধি না পায়, সে বিষয়ে নজরদারি বাড়াতে বাণিজ্য সচিবকে নির্দেশনা দেওয়া হয়েছে। মজুদদারি রোধে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতির যাতে অবনতি না ঘটে, সে বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে বলা হয়েছে।

ইফতার ও সাহরিতে গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়কে নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানান তিনি।

বৈঠক শেষে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব বলেন, 'বিগত বছরগুলোর চেয়ে এবারের রোজায় দেশে অনেক বেশি খাদ্য ও নিত্যপণ্যের মজুদ আছে। এছাড়া পর্যাপ্ত খাদ্যশস্য ও নিত্যপ্রয়োজনীয় পণ্য বাজারে আছে। রোজার প্রস্তুতি আমরা যথাযথভাবে নিতে পেরেছি। যখন

শেষের পাতায় দেখুন

## আরও ৬৫ জনের করোনা শনাক্ত

এফএনএস: গত ২৪ ঘণ্টায় দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে কারও মৃত্যু হয়নি। এ পর্যন্ত দেশে করোনাভাইরাসে মোট মৃত্যু হয়েছে ২৯ হাজার ৪৯১ জনের। এদিন নতুন করে শনাক্ত হয়েছে ৬৫ জন। সব মিলিয়ে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৮ হাজার ৬৯৯ জন। গতকাল মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো

শেষের পাতায় দেখুন

## অগ্নিঝরা মার্চ

## ৬ মার্চ সর্বাত্মক হরতাল পালিত হয়


এফএনএস : ১৯৭১ সালের ৬ মার্চ সারাদেশে হরতাল পালিত হয়। গত কয়েকদিনে সেনাবাহিনীর নির্বিচার হত্যাকাণ্ডের প্রতিবাদে সর্বস্তরের মানুষ বিক্ষুব্ধ হয়ে ওঠে। সাধারণ মানুষ থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, বুদ্ধিজীবী, লেখক, শিল্পী, সাংবাদিকসহ সকলেই স্ব-স্ব অবস্থান থেকে প্রতিবাদ মিছিলে শামিল হতে থাকে। এ কয়দিনে ঘটে যাওয়া

ভেতরের পৃষ্ঠায় দেখুন

## নির্যাতন করেছে হামাস: জাতিসংঘ

এফএনএস বিদেশ : গত ৭ অক্টোবর ইসরায়েলের অভ্যন্তরে হামলা চালানোর সময় ফিলিস্তিনি সশস্ত্র গোষ্ঠী হামাস যোদ্ধারা যৌন হয়রানির ঘটনা ঘটিয়েছে বলে দাবি করেছে জাতিসংঘের একটি দল। খবর

শেষের পাতায় দেখুন



প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে মঙ্গলবার গণভবনে ঢাকায় অনুষ্ঠিত তৃতীয় ডি-৮ ট্রেড মিনিস্টারস কাউন্সিল এ অংশগ্রহণকারী প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করেন।-এফএনএস

## পণ্য মজুদ করলে বিশেষ ক্ষমতা আইনে ব্যবস্থা: আইনমন্ত্রী

এফএনএস: পণ্য মজুদ করে কেউ যদি বাজার ব্যবস্থাকে অস্থিতিশীল করে তাহলে ১৯৭৪ সালের স্পেশাল পাওয়ার অ্যাক্ট বা বিশেষ ক্ষমতা আইনে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক। একইসঙ্গে ভ্রাম্যমাণ আদালতের মামলাগুলো দ্রুত পদক্ষেপ নিয়ে সুষ্ঠু নিষ্পত্তি করতে বলা হয়েছে। এ ছাড়া মামলা জট নিরসনের জন্য ডিসিদের সহযোগিতা চাওয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক সম্মেলন-২০২৪ এর তৃতীয় দিনের দ্বিতীয় অধিবেশনে মুক্তিযুদ্ধ, আইন ও বিচার বিভাগ, লেজিসলেটিভ ও সংসদবিষয়ক বিভাগ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কার্যঅধিবেশন শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। ডিসিরা কী বলেছেন এবং আপনার পক্ষ থেকে তাদের কী নির্দেশনা দেওয়া হয়েছে জানতে আইনমন্ত্রী বলেন. ডিসিরা কিছু সুনির্দিষ্ট প্রশ্ন করেছেন এব আমাদের আইন সচিব সে প্রশ্নের জবাবে দিয়েছেন। যেসব মাল জব্দ

শেষের পাতায় দেখুন

## তরুণ চিকিৎসকদের গ্রামে যাওয়ার অনুরোধ স্বাস্থ্যমন্ত্রীর

এফএনএস: তরুণ চিকিৎসকদের গ্রামে ও ঢাকার বাইরে যাওয়ার অনুরোধ জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। মন্ত্রী বলেন, প্রান্তিক জনগোষ্ঠীর চিকিৎসাসেবা উন্নত করতে পারলে দেশের চিকিৎসাসেবা অনেক দূর এগিয়ে যাবে। এখন একটাই স্বপ্ন, চিকিৎসা ব্যবস্থাকে সাধারণ মানুষের কাছে

শেষের পাতায় দেখুন

## দ্রব্যমূল্য সহনীয় রাখতে ডিসিদের মনিটরিংয়ের নির্দেশ স্বরাষ্ট্রমন্ত্রীর

এফএনএস: জেলা প্রশাসকদের অনুরোধ জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন, দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখতে প্রতি মাসে প্রয়োজন হলে প্রতি সপ্তাহেই বাজার মনিটরিং করুন। গতকাল মঙ্গলবার ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক সম্মেলনের তৃতীয় দিনের চতুর্থ অধিবেশনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কার্য অধিবেশন শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন., ডিসিরা আইন-শৃঙ্খলা নিয়ে তেমন কোনো কথা বলেননি। তারা বিভিন্ন মাদকদ্রব্য নিয়ে কথা বলেছেন। জেলখানায় কয়েদিদের আরও একটু ভালো খাবার দেওয়ার কথা বলেছেন। অচল বন্দীদের কীভাবে আরও একটু ছাড় দেওয়া যায় এবং ভার্চুয়াল কোর্ট যেটা কোভিডের সময় চালু করেছিলাম। সেটা বাংলাদেশের সব জায়গায় চালু করা যায় কিনা। বিশেষ করে জঙ্গিদের আনা নেওয়ায় রিস্ক থাকে। এই ধরনের কয়েদিদের ভার্চুয়াল কোর্টের মাধ্যমে করা যায় কিনা সেটা নিয়ে তারা বলেছেন। আমরা পরীক্ষা নিরীক্ষা করে সারা

শেষের পাতায় দেখুন

কুড়িগ্রাম জেলা পরিষদ উপ নির্বাচন ২০২৪

